

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র


স্মারক নং-৪৬.০০.০৯০.০১৭.২৭.০০১.১৫(অংশ-১). ২নং

তারিখ : ৩০ চৈত্র, ১৪২৩ বঙ্গাব্দ।
১৩ এপ্রিল, ২০১৭ খ্রিঃ।

বিষয় : ভোলা জেলার মনপুরা উপজেলার মনপুরা ইউপি চেয়ারম্যান জনাব মোঃ আলাউদ্দিন এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, ভোলা কার্যালয়ের স্মারক নং-১৪৬, তারিখ : ২৮/০২/২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার মনপুরা উপজেলাধীন মনপুরা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আলাউদ্দিন এর বিরুদ্ধে পুলিশের কাজে বাধা দান, পুলিশকে লক্ষ্য করে ইট পাটকেল নিক্ষেপ করে পুলিশ সদস্যদের জখম করা এবং বিভিন্ন রাষ্ট্র বিরোধী কাজের সাথে জড়িত থাকার অভিযোগে পুলিশ কর্তৃক গ্রেফতার হয়ে জেল হাজতে থাকায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪(৫) এর বিধান অনুযায়ী কেন তাকে মনপুরা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

জনাব মোঃ আলাউদ্দিন
চেয়ারম্যান
মনপুরা ইউনিয়ন পরিষদ
মনপুরা, ভোলা।

অনুলিপি :

- ০১। জেলা প্রশাসক, ভোলা (উল্লিখিত সদস্যের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক সদস্যের নিকট হতে জবাব সংগ্রহ করে তাঁর মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
- ০২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।